# H. S. EXAMINATION - 2017

## BENGALI - A

### বিভাগ—ক (নম্বর ৫০)

১। **অনধিক ১৫০ শব্দে যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাও :** ৫×১=৫

১.১ "যা আর নেই, যা ঝড়-জল মাতলার গর্ভে গেছে তাই খুঁজে খুঁজে উচ্ছব পাগল হয়েছিল"—দুর্যোগটির বর্ণনা দাও। দুর্যোগটি উচ্ছবকে কীভাবে প্রভাবিত করেছিল? (৩+২=৫) ১.২ "বুড়ির শরীর উজ্জ্বল রোদে তপ্ত বালিতে চিত হয়ে পড়ে রইল।"—বুড়ির চেহারা ও পোশাকের পরিচয় দাও। তার তপ্ত বালিতে পড়ে থাকার কারণ কী? (২+৩=৫)

২। **অনধিক ১৫০ শব্দে যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাও :** ৫×১=৫

২.১ "রূপ- নারানের কূলে/ জেগে উঠিলাম,"- কে জেগে উঠলেন? জেগে ওঠার আসল অর্থ কবিতাটির মধ্যে কীভাবে প্রকাশিত হয়েছে তা বুঝিয়ে দাও।(১+৪=৫) ২.২ "আমার ক্লান্তির উপরে ঝরুক মহুয়া - ফুল,/নামুক মহুয়ার গন্ধ।"— 'আমার' বলতে কার কথা বলা হয়েছে? এমন কামনার কারণ কী? (১+৪=৫)

৩। **অনধিক ১৫০ শব্দে যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাও :** ৫×১=৫

৩.১ "তাদের অভিনয় দেখে আইজেনস্টাইন সাহেব অত্যন্ত উচ্ছসিত হয়ে অনেক কথা লিখেছেন।"- আইজেনস্টাইন সাহেব কে? তিনি কাদের অভিনয় দেখে উচ্ছসিত হয়েছিলেন? সেই অভিনয় দেখে তিনি কী লিখেছিলেন? (১+১+৩) ৩.২ 'নানা রঙের দিন' একাঙ্ক নাটক হিসেবে কতখানি সার্থক আলোচনা করো। (৫)

৪। **অনধিক ১৫০ শব্দে যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাও :** ৫×১=৫

৪.১ "বইয়ে লেখে রাজার নাম।/ রাজারা কি পাথর ঘাড়ে করে আনত?"—কারা, কেন পাথর ঘাড়ে করে এনেছিল? (১+৪) ৪.২ "চোখের জলটা তাদের জন্য।"—বক্তা কাদের জন্য চোখের জল উৎসর্গ করেছেন? যে ঘটনায় বক্তার চোখে জল এসেছিল সেই ঘটনাটি সংক্ষেপে লেখো। (১+৪)

৫। **অনধিক ১৫০ শব্দে যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাও :** ৫×১ = ৫

৫.১"হঠাৎ একদিন ক্ষেপে উঠল কলের কলকাতা।"- কলকাতার 'ক্ষেপে ওঠা' বলতে কী বোঝানো হয়েছে? কলকাতার ক্ষেপে ওঠার ফল কী হয়েছিল? (২+৩) ৫.২"তাতে চেংমানের চোখ কপালে উঠল।"— চেংমান কে? তার চোখ কপালে ওঠার কারণ কী? (১+৪)

৬। **অনধিক ১৫০ শব্দে যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাও :** ৫×১ = ৫


৬.১ রূপমূল কাকে বলে? উদাহরণসহ স্বাধীন ও পরাধীন রূপমূলের পরিচয় দাও। (১+২+২) ৬.২ শব্দার্থ পরিবর্তনের ধারা কটি ভাগে বিভক্ত ও কী কী? যে-কোনো একটি ভাগ উদাহরণ-সহ বুঝিয়ে লেখো। (৫)

৭। **অনধিক ১৫০ শব্দে যে কোনো ২টি প্রশ্নের উত্তর দাও :** ৫×২ = ১০

৭.১ বাংলা সংগীতের ধারায় কাজী নজরুল ইসলামের অবদান আলোচনা করো। (৫) ৭.২ বাংলা চলচ্চিত্র ধারায় পরিচালক ঋত্বিক ঘটকের অবদান আলোচনা করো। (৫) ৭.৩ 'পট' শব্দটির অর্থ কী? এই শিল্পটি সম্পর্কে আলোচনা করো। (১+৪) ৭.৪ চিকিৎসা বিজ্ঞানের ইতিহাসে বিধানচন্দ্র রায়ের অবদান আলোচনা করো। (৫)

৮। **নিম্নলিখিত যে-কোনো ১টি বিষয় নির্বাচন করে নির্দেশে অনুসারে কমবেশি ৪০০ শব্দের মধ্যে ১টি প্রবন্ধ রচনা করো :** ১০× ১ = ১০

৮.১ **নিম্নে প্রদত্ত মানস-মানচিত্র অবলম্বনে একটি প্ররন্ধ রচনা করো:**



৮.২ প্রদত্ত অনুচ্ছেদটিকে প্রস্তাবনা বা ভূমিকা স্বরূপ গ্রহণ করে বিষয়ের গভীরে প্রবেশ করে, পরিণতিদানের মাধ্যমে একটি পূর্ণাঙ্গ প্রবন্ধ রচনা করো:

বাংলা বইয়ের দুঃখ

বিলাতে অন্তত সামাজিকতার দিক থেকেও লোক বই কেনে। কিন্তু আমাদের দেশে সে বালাই নেই। ও দেশে বাড়িতে গ্রন্থাগার রাখা একটা আভিজাত্যের পরিচয়। শিক্ষিত সকলেরই বই কেনার অভ্যাস আছে। না কিনলে নিন্দে হয়– হয়ত বা কর্তব্যেরও ত্রুটি ঘটে। আর অবস্থাপন্ন লোকেদের তো কথাই নেই। তাঁদের প্রত্যেকেরই বাড়িতে এক একটা বড় গ্রন্থাগার আছে। কিন্তু দুর্ভাগা জাত আমরা। আমাদের শিক্ষিতদের মধ্যেও পুস্তকের প্রচলন নেই।

৮.৩ প্রতিপক্ষের যুক্তির অসারতা প্রমাণ করে স্বপক্ষে যুক্তিক্রম বিন্যাস করে প্রবন্ধ রচনা করো :

**বিতর্কের বিষয় : 'বিজ্ঞাপনী প্রচার মানুষকে বোকা বানানোর কৌশল'**

**মতের পক্ষে :** নিজের পছন্দ ও চাহিদা অনুযায়ী পণ্য নির্বাচনের সুযোগ দেয় বিজ্ঞাপন। কিন্তু এখানেই থেকে যায় প্রতারিত হওয়ার আশঙ্কা। বিজ্ঞাপনের জৌলুসে বিভ্রান্ত হয়ে যখন নিম্ন মানের দ্রব্য ক্রয় করা হয় তারপর আক্ষেপ ছাড়া কিছুই করার থাকে না, মানুষ নিজের সামর্থ্যের কথা ভুলে গিয়ে বিজ্ঞাপনের প্রলোভনে পণ্য সংগ্রহ করতে গিয়ে নিজের সর্বনাশ ডেকে আনে। কখনো কখনো রুচিহীন বিজ্ঞাপন বিশেষভাবে অল্পবয়সীদের ক্ষেত্রে মারাত্মক ক্ষতি সাধন করে। মুনাফা লাভের জন্য পণ্য প্রস্তুতকারক বা বিক্রেতা অনেক ক্ষেত্রেই ভুল তথ্য পরিবেশন করেন বিজ্ঞাপনে। পরিণত শিক্ষিত মানুষও এর ফলে অনেক সময় বিভ্রান্ত বোধ করেন। তাই বিজ্ঞাপনী প্রচার নয় পণ্যদ্রব্যের গুণগত মান গুরুত্বপুর্ণ হয়ে ওঠা আবশ্যক।

৮.৪. প্রদত্ত সূত্র ও তথ্য অবলম্বনে একটি প্রবন্ধ রচনা করো :

মহাশ্বেতা দেবী

**জন্ম :** ১৪ জানুয়ারি, ১৯২৬, ঢাকায়। **পিতা :** মণীশ ঘটক (যুবনাশ্ব)। **শিক্ষা:** রাজশাহির স্কুলে, শান্তিনিকেতনে (১৯৩৬–৩৮), রবীন্দ্রনাথের সান্নিধ্য লাভ, ম্যাট্রিক পাশ (১৯৪২) পরে এম.এ. (ইংরেজি)। **কর্মজীবন :** পদ্মপুকুর ইনস্টিটিউশনে শিক্ষকতা, পোস্ট অ্যান্ড টেলিগ্রাফে আপার ডিভিশন ক্লার্ক। রমেশ মিত্র বালিকা বিদ্যালয়ে এবং জ্যোতিষ রায় কলেজে শিক্ষকতা। **সাহিত্য কীর্তি :** 'ঝাঁসীর রাণী', 'অরণ্যের অধিকার', 'হাজার চুরাশির মা', 'স্তন্যদায়িনী' ও অন্যান্য গল্প।
**পুরস্কার :** ম্যাগসাইসাই, সাহিত্য আকাদেমি, জ্ঞানপীঠ, দেশিকোত্তম, পদ্মশ্রী ইত্যাদি।
**মৃত্যু :** ২৮ জুলাই, ২০১৬, কলকাতা।

## বিভাগ - খ (নম্বর : ৩০)

১। সঠিক বিকল্পটি নির্বাচন করো : **১×১৮=১৮**

১.১ আপিস যাবার পথে মৃত্যুঞ্জয় প্রথম কী দেখল? (ক) ফুটপাথে মৃত্যু (খ) অনাহারে মৃত্যু (গ) বস্তিবাসীর মৃত্যু (ঘ) পাগলের মৃত্যু।

১.২ করিম ফরাজি একদা ছিল– (ক) পেশাদার কুস্তিগির (খ) পেশাদার লাঠিয়াল (গ) পেশাদার বন্দুকবাজ (ঘ) পেশাদার ডাকাত।

১.৩ "চোখ তো সবুজ চায়।/দেহ চায়"– (ক) সবুজ পাতা (খ) সবুজ ঘাস (গ) সবুজ বাগান (ঘ) সবুজ উঠান।

১.৪ "ধোঁয়ার বঙ্কিম নিঃশ্বাস ঘুরে ফিরে আসে"– (ক) নির্জন নিঃসঙ্গতার মতো (খ) উজ্জ্বল স্তব্ধতার মতো (গ) সমুদ্রের দীর্ঘশ্বাসের মতো (ঘ) শীতের দুঃস্বপ্নের মতো।

১.৫ রজনীকান্তবাবুর মতে অভিনেতা স্টেজ থেকে নামলে– (ক) সমাজ শিক্ষক (খ) মস্তবোকা (গ) খুবই জ্ঞানী (ঘ) অস্পৃশ্য ভাঁড়।

অথবা, 'নানা রঙের দিন' নাটকের শেষ দিকে রজনীকান্ত কোন্ ইংরেজি নাটকের সংলাপ উচ্চারণ করেছেন?–(ক) ম্যাকবেথ (খ) ওথেলো (গ) জুলিয়াস সিজার (ঘ) মার্চেন্ট অফ ভেনিস।

১.৬ "আর্মাডা ডুবে গেলে কেঁদেছিলেন"– (ক) ফ্রেডারিক (খ) সিজার (গ) ফিলিপ (ঘ) আলেকজান্ডার।

**অথবা,** "মর্দানা শুনেই ছুটে গেল।"– মর্দানা কোথায় ছুটে গেল? (ক) গুরুনানকের কাছে (খ) গড়িয়ে পড়া পাথরের দিকে (গ) বলী কান্ধারীর কাছে (ঘ) রেললাইনের দিকে।

১.৭ "তার নাকি দারুণ বক্স অফিস।"–কীসের? (ক) প্রেমের নাটকের (খ) সামাজিক নাটকের (গ) দুঃখের নাটকের (ঘ) হাসির নাটকের।

**অথবা,** "রাজনীতি বড়ো কূট।" –কথাটি বলেছিলেন? (ক) রজনী (খ) মহম্মদ (গ) কালীনাথ (ঘ) কিং লিয়র।

১.৮ টপ্পা গান বাংলায় জনপ্রিয় করেছিলেন– (ক) রামনিধি গুপ্ত (খ) বেগম আখতার (গ) নির্মলেন্দু চৌধুরী (ঘ) ভুপেন হাজারিকা।

১.৯ ভারতীয় তথ্যচিত্রে প্রথম তথ্যচিত্রকার কে? (ক) মৃণাল সেন (খ) ঋত্বিক ঘটক (গ) হীরালাল সেন (ঘ) প্রমথেশ বড়ুয়া।

১.১০ একই পদ পাশাপাশি দুবার বসার প্রক্রিয়াকে বলে– (ক) সমাস (খ) সন্ধি (গ) পদদ্বৈত (ঘ) প্রত্যয়।

১.১১ নিখিল জীবনটা কীভাবে কাটাতে চায়? (ক) বই পড়ে আর একটা চিন্তাজগৎ গড়ে (খ) সংসারধর্ম পালন করে (গ) সামাজিক কাজকর্ম করে (ঘ) অসুস্থ স্ত্রীর সেবাযত্ন করে।

১.১২ বাসিনীর মনিব বাড়ির বুড়ো কর্তার বয়স হয়েছিল– (ক) বিরাশি বছর (খ) আশি বছর (গ) চুরাশি বছর (ঘ) তিরাশি বছর।

১.১৩ "সূর্যের আলোয় তার রং কুসুমের মতো নেই আর;"– কীসের রং? (ক) দেশোয়ালিদের জ্বালানো আগুনের (খ) তারার আলোর (গ) মচকা ফুলের (ঘ) হরিণের মাংস রাঁধবার আগুনের।

১.১৪ "..... যা পারি কেবল/সে-ই কবিতায় জাগে"–কবিতায় কী জাগে? (ক) কবির বিবেক (খ) কবির হিংসা (গ) কবির ক্রোধ (ঘ) কবির অক্ষমতা।

১.১৫ "আমাদের মনে হয় এর নাম হওয়া উচিত..."– (ক) স্বভাব নাটক (খ) বিভাব নাটক (গ) অভাব নাটক (ঘ) ভাব নাটক।

**অথবা,** "ঠিক আছে ফেলে দিল না– আবার দেব"–কী ফেলে দিতে বলা হয়েছে? (ক) খাবার (খ) সিগারেট (গ) জল (ঘ) চা।

১.১৬ "আমিও তো মোল্লার সঙ্গে একই বাসে আজ শহরে গিয়েছিলুম।"–কে শহরে গিয়েছিল? (ক) ফজলু সেখ (খ) করিম ফরাজি (গ) নিবারণ বাগদি (ঘ) ভট্চাজ মশাই।

১.১৭ অস্বচ্ছ জলরঙের আঁকা ছবিকে বলে– (ক) ওয়াশ (খ) গুয়াশ (গ) স্কেচ (ঘ) পট।

১.১৮ বাংলা বাক্যের পদ সংস্থানের স্বাভাবিক ক্রমের নিয়ম– (ক) কর্তা–কর্ম–ক্রিয়া (খ) কর্তা–ক্রিয়া–কর্ম (গ) কর্ম–কর্তা–ক্রিয়া (ঘ) কর্ম–ক্রিয়া–কর্তা।

২। **অনধিক ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও :** **১×১২=১২**

**২.১** খণ্ডধ্বনির অপর নাম কী? **২.২** মুণ্ডমাল শব্দ কাকে বলে? **২.৩** একভাষিক ও দ্বিভাষিক অভিধান কাকে বলে? **২.৪** "যখন সমুদ্র তাকে খেল"– সমুদ্র কী খেয়েছিল? **অথবা,** "...মার সঙ্গে তর্ক শুরু করি।" –কোন্ বিষয় নিয়ে তর্ক? **২.৫** "বিশ্বভারতীই কি পারমিশন দেবে?"– কীসের পারমিশন? **অথবা,** "খুব খারাপ হচ্ছে না, কী বলো?"– কী খারাপ হচ্ছে না? **২.৬** "এই পড়ে বুকে ভরসা এল"– কী পড়ে বুকে ভরসা এল? **অথবা,** "সেই রাত্রেই জীবনে প্রথম মোক্ষম বুঝলুম যে, ..."– বক্তা কী বুঝেছিলেন? **২.৭.** "বহুদিন জঙ্গলে যাইনি"– জঙ্গলে না যাওয়ার ফলে কী হয়েছে? **২.৮** "অলস সূর্য দেয় এঁকে"– অলস সূর্য কী এঁকে দেয়? **২.৯** "তেমনই একটি তারা আকাশে জ্বলছে এখনও"– তারাটিকে দেখে কবির কী কী মনে হয়েছে? **২.১০** "কঠিনেরে ভালোবাসিলাম"– কঠিনকে ভালোবাসার কারণ কী? **২.১১** "বচসা বেড়ে গেল।"– বচসার কারণ কী? **২.১২** "এলে পরে নদীর পাড়ে সারবন্দি ছরাদ হবে"– কাদের এভাবে শ্রাদ্ধ হবে?